পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4079
Fax : 88-02-9667222
E-mail : examcontrollera7c@du.ac.bd

মেমো নংঃ- ১০৪৮/শা-২/প. তারিখঃ ২৯ পৌষ ১৪২৬ / ১৩ জানুয়ারি ২০২০

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, গুলশান, ঢাকা।

## ২০১৬ সনের মাস্টার্স ১ম পর্ব নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন ও প্রাইভেট পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি।

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৪-২০১৫, ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের অনিয়মিত ও মানোন্নয়ন এবং ২০১৬ সনের প্রাইভেট নিয়মিত ও ২০১৫, ২০১৪ সনের প্রাইভেট অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের **অনলাইনে আবেদন ফরমপূরণ**, আনুষঙ্গিক নিয়ম, শর্তাবলী ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক কার্যাবলি নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে জানানো হবে।

*** আবেদন ফরমপূরণ, জমাদান, ব্যাংক ড্রাফট ও বিবরণী ফরম এবং অন্যান্য কাগজপত্র জমাদানের তারিখ ঃ**

| পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে আবেদন ফরমপূরণ শুরু ও জমাদানের শেষ তারিখ | কলেজ কর্তৃক অনলাইনে ভেরিফাই করার শেষ তারিখ | ব্যাংক ড্রাফটের তারিখ |
|---|---|---|
| ১৯/০১/২০২০ থেকে ০১/০২/২০২০ | ০৩/০২/২০২০ | ০৪/০২/২০২০ |

## ২০১৫-১৬ শিক্ষাবর্ষের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী) ঃ

| ক্র. নং | বিবরণ | নির্ধারিত ফি | ক্র. নং | বিবরণ | নির্ধারিত ফি |
|---|---|---|---|---|---|
| ১ | এম.এ, এম.এস.এস, এম.বি.এস প্রতি পরীক্ষার্থীর জন্য ফি | ১,৩৫০/- | ৬ | ২০১৪ এবং ২০১৫ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে যারা অকৃতকার্য/ তৃতীয় শ্রেণি/৪৫% এর নীচে নম্বর পেয়েছে তারা মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। | ৩০০/- (প্রতি পত্র) |
| ২ | এম.এস.এস (অর্থনীতি) প্রতি পরীক্ষার্থীর জন্য ফি | ১,৫৫০/- | ৭ | কেন্দ্র ফি ১. কলেজ-৩০০/- ২. কেন্দ্র-৪৫০/- | ৭৫০/- |
| ৩ | এম.এস.সি প্রতি পরীক্ষার্থীর ফি | ১,৬০০/- | ৮ | ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) | ১২০/- |
| ৪ | এম.এস.সি (গণিত) প্রতি পরীক্ষার্থীর ফি | ২,২০০/- | ৯ | টিউটোরিয়াল পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) | ১৫০/- |
| ৫ | এম.এস.সি (পরিসংখ্যান) প্রতি পরীক্ষার্থীর ফি | ২,১৫০/- | | | |
| ক্র. নং- ৭, ৮, ৯ এর ফি ঢাকা বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে না। | | | | | |

## ১। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলি ঃ

ক) ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার নিয়মিত ছাত্র/ছাত্রী ও ২০১৬ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার প্রাইভেট পরীক্ষার্থী।

খ) ২০১৩-১৪, ২০১৪-১৫ শিক্ষাবর্ষে অনিয়মিত, মানোন্নয়ন এবং ২০১৪ ও ২০১৫ সালের প্রাইভেট অনিয়মিত, মানোন্নয়ন পরীক্ষার্থীরা ২০১৬ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ) ২০১৫ সালের ১ম পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য পরীক্ষার্থী ২০১৬ সালে মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। অকৃতকার্য পরীক্ষার্থীদের ক্ষেত্রে ২০১৫ সালের ব্যবহারিক/মৌখিক/টিউটোরিয়াল/মাঠকর্ম পরীক্ষার নম্বর বহাল থাকবে। এ ধরনের পরীক্ষার্থী ২০১৫ সালের পরীক্ষায় যে সব পত্রে ৪৫% এর কম পেয়েছে শুধু ঐ পত্রগুলোতে অংশগ্রহণ করতে পারবে। ২০১৪ সালের পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থীদের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না। এ বিষয়ে কোন কিছু জানার প্রয়োজন মনে করলে ফরম পূরণের পূর্বেই তা জেনে নিতে হবে। ২০১৪ সালের পরীক্ষার্থীরা সকল পত্রে অংশগ্রহণ করবে। এখানে উল্লেখ যে, ২০১৪ সালের পরীক্ষার্থীদের ব্যবহারিক/মৌখিক/টিউটোরিয়াল/মাঠকর্ম পরীক্ষার পূর্বের নম্বর বহাল থাকবে।

## ২। অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য) ঃ

ক) আবেদনকারীকে ওয়েবসাইটে (http://dua7c.com/) **লিংক এ গিয়ে** ঢাকা বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ২০১৫ সনের ডিগ্রি পাস ৩য় বর্ষ পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় কোড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে।

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে কলেজ **অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ** স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ২৬/০১/২০২০ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

## ৩। পরীক্ষার্থীদের জন্য করনীয় ঃ

পরীক্ষার্থীরা অনলাইনে আবেদন ফরম পূরণ করে নির্ধারিত-ফি সহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে সঠিক আছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে। বিষয় কোড ভুল এন্ট্রির জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে কোড সিলেক্ট করতে ভুল হলে তা পুনরায় বিশ্ববিদ্যালয়ে আবেদনের প্রেক্ষিতে সঠিকভাবে পূরণ করতে হবে।

## ৪। কলেজের জন্য করণীয় ঃ

যে সকল পরীক্ষার্থী ২০১৬ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে কিন্তু অনলাইনে পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থী থাকলে এবং তালিকায় তাঁর ডাটা না পাওয়া যায় সে ক্ষেত্রে তার রেজাল্ট ও রেজিস্ট্রেশনের মেয়াদ যাচাইপূর্বক নির্ভুলভাবে নির্দিষ্ট এক্সেল ফরমেটে (ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রেরিত) পরীক্ষার্থীদের ডাটা ২৬/০১/২০২০ মধ্যে প্রেরণ করতে হবে। এছাড়াও অনলাইনে আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি ঢাকা বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত তারিখে জমা দিবে এবং এক কপি কলেজ সংরক্ষণ করবে উল্লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়া পর্যন্ত।

### অনলাইনে আবেদন ফরম পূরণ নিশ্চয়ণ ও আনুষঙ্গিক কার্যাদি (কলেজের জন্য):

ক) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ওয়েব সাইটের (http://dua7c.com/) লিংক এ গিয়ে কলেজ লগ ইন করে "আন ভেরিফাইড" লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে এবং শিক্ষার্থীর ফরমপূরণের ফি জমা সম্পন্ন হয়ে থাকলে কলেজ কর্তৃপক্ষ নিশ্চয়ন করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

খ) মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে যে পত্র/পত্রসমূহ মানোন্নয়ন দিতে ইচ্ছুক সে বিষয় কোড এন্ট্রি করতে হবে।

গ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না

## ৫। ফি জমাদানের নিয়মাবলী ঃ

২০১৬ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "DU-Affiliated Colleges" শিরোনামে হিসাব নং: ৪৪০৫৭০৩০০০০৬৬- এ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে -অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় **(A/C Payee)** হতে হবে। এ ছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/-(এক শত টাকা) যা বিশ্ববিদ্যালয়ে নগদ জমা দিতে হবে এবং কলেজ কর্তৃপক্ষের খরচ হিসেবে ৫০/-(পঞ্চাশ টাকা) করে কলেজকে প্রদান করবে।

৬। <u>বিবিধ ঃ</u>

ক) পরীক্ষার্থীদের পরীক্ষার হলে বিশ্ববিদ্যালয় কতক সরবরাহকৃত মূল রেজিস্ট্রেশন কাড/প্রবেশ পত্র প্রদর্শন করতে হবে।

খ) পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কাডে/প্রবেশপত্রে উল্লিখিত নিদিষ্ট বিষয়/পত্র কোড ছাড়া অন্য কোনো বিচষয়/পত্র কোড -এ আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

গ) পরীক্ষার সময়সূচি যথাসময়ে সংশিষ্ট কলেজ/কেন্দ্রসমূহে প্রেরণ ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পকাশ করা হবে।

ঘ) পরীক্ষার্থীরা নিজ নিজ কলেজ কেন্দ্রে পরীক্ষা দিতে পারবে না। অধ্যক্ষমহোদয় গণকে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্যে অনুরোধ করা হলো।

ঙ) একজন পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে অন্য কোনো পরীক্ষার্থীকে অবৈধভাবে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ বহন করবেন।

আপনার বিশ্বস্ত,

(মোঃ বাহালুল হক চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালয়
E-mail : examcontrollera7c@du.ac.bd

১৬/১/2020.

13.01.2020 13.01.2020